গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

সেপ্টেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২৮তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ৩০/০৯/২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সেপ্টেম্বর ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২৮তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের আগস্ট-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**আগস্ট ২০২১ আয় অংশ :**<br>(ক) অবশিষ্ট স্থিতি = ৩১,৮১,৫৩০/-<br>খ) সাব রেজিস্ট্রি অফিস হতে<br>প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =২,০৯,৬৭৭/-<br>মোট আয় =৩৩,৯১,১২০৭/-<br><br>**আগস্ট ২০২১ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩৪,১০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫০০০/-<br>(ঙ) হাট-বাজার ইজারা বাবদ পত্রিকায় প্রকাশের বিজ্ঞপ্তি বিল =২৩,০০০/-<br>চ) ঈদুল আযহায় নিরাপত্তা নিয়োজিত আনসারদের বেতন বাবদ = ১৪,৫০০<br>মোট ব্যয়= ২,০০,৬০০/-<br><br>অবশিষ্ট স্থিতি = ৩১,৯০,৬০৭/-<br>(একত্রিশ লক্ষ নব্বই হাজার ছয়শত সাত) টাকা | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উথাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় আগস্ট ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা মৎস্য অফিস ঃ-** উপজেলা সিনিয়র মৎস্য অফিসার লাকসাম বলেন, ইলিশ আমাদের জাতীয় সম্পদ। আগামী ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত ইলিশ ধরা, পরিবহন ও বিপণন বন্ধ থাকবে। ইলিশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ নিষেধাজ্ঞা বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা সিনিয়র মৎস্য অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, লাকসাম |
| ৭.২ | **উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম বলেন, ২৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর জন্মদিনে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ভ্যাক্সিন কার্যক্রম পরিচালনা করা হয়। আমাদের টার্গেটের চেয়ে বেশি ভ্যাক্সিন প্রদান করা হয়। ১৫২৪০ জনকে প্রথম ডোজ প্রদান করা হয়। ভ্যাক্সিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, এপর্যন্ত লাকসাম উপজেলায় ৮৯,০৮৩ জন কোভিড-১৯ ভ্যাক্সিনের জন্য রেজিস্ট্রেশন করেছে তার মধ্যে আমরা ৫৮০০০ জনকে প্রথম ডোজ দিয়েছি। আগামী একমাস পরে তাদেরকে ২য় ডোজ প্রদান করা হবে। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এখন ভ্যাক্সিন কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,লাকসামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লাকসাম |
| ৭.৩ | **উপজেলা প্রকৌশল অফিসঃ**<br>বিগত সভার আলোচনা মোতাবেক লাকসাম উপজেলায় LGED এর কার্যক্রম Powerpoint Presentation এর মাধ্যমে সচিত্র উপস্থাপন করা হয়। উপজেলা প্রকৌশলী তাঁর উপস্থাপনার শুরুতে জানান মুজিব বর্ষে LGED এর অঙ্গীকার হলো "মুজিব বর্ষের অঙ্গীকার, সড়ক হবে সংস্কার''। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনা "গ্রামের দিকে নজর দিতে হবে, কেননা গ্রামই সব উন্নয়নের মূলমন্ত্র'' মোতাবেক এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন " শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি'' স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশ অনুসারে LGED মাঠ পর্যায়ে গ্রাম উন্নয়নে কাজ করছে। । সভায় জানানো হয় বিগত ০৩ অর্থ বছরে LGED হতে উপজেলার বিভিন্ন স্থানে ৪৩৭২ লক্ষ টাকা ব্যয়ে ৫৮ কি.মি. নতুন সড়ক নির্মাণ, ১০১৬ লক্ষ টাকা ব্যয়ে ৩০.৫০ কি.মি. সড়ক রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন, ৭৭৯ লক্ষ টাকা ব্যয়ে ২০টি ভবন নির্মাণ এবং ৭৫১.৮৯ লক্ষ টাকায় উপজেলা পরিষদের ADP শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ২০টি প্রকল্পের আওতায় ১১৪৭৬ লক্ষ টাকা ব্যয়ে ৪২.৬৬ কি.মি. সড়ক নির্মাণ, ৩৬.৭৮ কি.মি. সড়ক পুনর্বাসন, ০৩টি সেতু, ১৬টি ভবন ও উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন উন্নয়ন কার্যক্রম চলমান আছে। | LGED এর কার্যক্রম বিস্তারিত আলোচনা করায় উপজেলা প্রকৌশলী কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | সভায় উপজেলা পরিষদের মাস্টার প্লান উপস্থাপন এবং মাস্টার প্লানের উল্লিখিত কম্পাউন্ডের দক্ষিণ পার্শ্বে সমন্বিত দক্ষতা উন্নয়ন কেন্দ্রের জায়গা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। নারীর ক্ষমতায়নে LGED হতে বিভিন্ন কর্মসূচী গ্রহনের বিষয়সহ জনপ্রতিনিধি ও সকল দপ্তরের কর্মকর্তাগণের সমন্বয়ে LGED এর কাজের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের বিষয় উল্লেখ করা হয়। | মাস্টার প্লানে চিহ্নিত লেকের দক্ষিণ পাশে ভবিষ্যতে সম্প্রসারণের নির্ধারিত স্থানে সমন্বিত দক্ষতা উন্নয়ন কেন্দ্রের স্থান নির্ধারণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| | ২০১৯-২০ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে LGED এর ১ম স্থান অর্জনের বিষয়টি সভায় অবহিত করা হয়। লাকসাম উপজেলায় LGED এর আওতাধীন সড়ক ডাটাবেস GIS based করাসহ ADP বাস্তবায়নে GIS Information ব্যবহারের বিষয়ে সভায় অবহিত করা হয়। লাকসামে LGED এর নিয়ন্ত্রণাধীন ৬৫০.৮৮ কি.মি. সড়ক রয়েছে যার ৫৪২.২২ কি.মি. গেজেটভ, ১০৮.৬৬ কি.মি. গেজেট বিহীন, ১৯৫.৮৯ কি.মি পাঁকা ও ৪৫৪.৯৯ কি.মি. কাঁচা। স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদে সড়ক, সেতু, ভবন উন্নয়নের বিস্তারিত পরিকল্পনা তুলে ধরা হয়। এছাড়া লাকসাম হাউজিং এস্টেটের সকল ম্যাপ GIS based digitalize করাসহ Digital archive ও Online based management এর বিষয়ে আলোচনা হয়। জনবল ও বাজেট স্বল্পতায় কাজ বাস্তবায়নে সমস্যা হওয়াসহ রাস্তার পাশের পুকুর LGED এর মতামত না নিয়ে আওতাধীন সড়কে বৈদ্যুতিক খুটি স্থাপন, ভারী বৃষ্টিপাত ও মাটির Sandy loam বৈশিষ্ট্যকে কাজ বাস্তবায়নে ঝুকি হিসেবে চিহ্নিত করা হয়। | বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ বৈদ্যুতিক খুটি LGED আওতাধীন সড়কে স্থাপনের পূর্বে আবশ্যিকভাবে LGED এর মতামত গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়, সড়কের পাশে পুকুর খনন হতে জনসাধারণ কে বিরত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ কে অনুরোধ জানানোসহ পুকুরের তালিকা প্রদানের জন্য সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। পাশাপাশি এ বিষয়ে প্রয়োজনে আইনগত ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। হাউজিং এস্টেটের সকল ম্যাপ GIS based develop করাসহ Digital archive ও Online based management এর সিদ্ধান্ত গৃহিত হয়। সড়কের পাশের গাছ উন্নয়ন কাজের স্বার্থে দ্রুত অপসারণের জন্য ফরেস্টার কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী নির্বাহী প্রকৌশলী, পিডিবি, লাকসাম জি.এম পল্লী বিদ্যুৎ, ফরেস্টার, লাকসাম চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.৪ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন গত ১২/০৯/২০২১ তারিখে শিক্ষা প্রতিষ্ঠান খোলার পর থেকে স্বাস্থ্যবিধি মেনে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সরকারের নির্দেশিত নীতিমালা মেনে শ্রেণি কার্যক্রম চলছে। পাশাপাশি এসাইনমেন্ট ও অনলাইন ক্লাস চলমান রয়েছে। প্রতিষ্ঠান খোলার পর থেকে অদ্যাবধি কোন শিক্ষক/কর্মচারী, শিক্ষার্থী কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছে এমন কোন তথ্য পাওয়া যায়নি। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম |
| ৭.৫ | **উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বলেন প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে আমরা প্রতিবন্ধী বিষয়ক ডাক্তার এর প্রত্যয়ন নিয়ে থাকি। এক্ষেত্রে কোন প্রত্যয়ন যদি ভুল বা দুর্বল হয় তাহলে প্রত্যয়নকারী ডাক্তার এর জন্য দায়ী থাকবেন। এজন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা লাকসাম এর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান ১৫,০০০ জন ভাতাভোগীর মধ্যে কারো সমস্যা থাকলে সমাজসেবা অফিসে যোগাযোগ করার অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার লাকসামকে বলা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম |

<table>
<tr>
<td>৭.৬</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার লাকসাম জানান, নশরতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঝখান দিয়ে রাস্তা থাকায় ছাত্র-ছাত্রীদের যাওয়া আসায় বিঘ্ন ঘটে এবং যেকোন সময় দূর্ঘটনা হতে পারে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি বলেন।<br>দৌলতগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কক্ষ সংখ্যা কম থাকায় স্বাস্থ্য বিধি মেনে পাঠদান করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি বলেন।<br>ধামৈচা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাদে ফাটল ধরেছে। এছাড়া উত্তর পশ্চিমগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়েও কোন বরাদ্দ পাওয়া যায়নি। স্বাস্থ্যবিধি মেনে সরকারি রুটিন অনুযায়ী পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সমস্যাগুলো পরবর্তীতে পর্যায়ক্রমে সমাধান করা হবে বলে শিক্ষা অফিসার লাকসামকে জানানো হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৭.৭</td>
<td>ইউজিডিপিঃ<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) তহবিলের ২০২০-২০২১ অর্থবছরের বিশেষ বরাদ্দের আওতায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তর/উপজেলা কমিটি এবং ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি) থেকে প্রস্তাবিত ০৯ টি সক্ষমতা উন্নয়নমূলক উপ-প্রকল্প এবং ০৬টি অবকাঠামো উপ প্রকল্প প্রস্তাবনার ভিত্তিতে গত ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবিত তালিকার মধ্য থেকে নিম্নোক্ত ০৬ টি সক্ষমতা উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবনা এবং ০৩ টি অবকাঠামো উপপ্রকল্প "প্রকল্প যাচাই বাছাই কমিটি" কর্তৃক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদনের জন্য অনুরোধ জানান।
<table>
<tr><th>ক্রনং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবকারী বিভাগ</th><th>প্রাক্কলিত টাকা</th></tr>
<tr><td>০১</td><td>করোনায় ক্ষতিগ্রস্ত বেকার যুবকদের দক্ষতা বৃদ্ধির লক্ষে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ</td><td>যুব উন্নয়ন</td><td>১৮৮,১৪০/-</td></tr>
<tr><td>০২</td><td>সক্ষম প্রতিবন্ধী, স্বামী পরিত্যাক্তা এবং বেকার মেয়েদের আয়বৃদ্ধি ও আত্মদক্ষতা উন্নয়নের জন্য পাটজাত কুটিরশিল্প তৈরি বিষয়ক প্রশিক্ষণ</td><td>মহিলা বিষয়ক</td><td>১৭৬,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>দূর্ঘটনা প্রতিরোধে সিএনজি চালকদের সচেতনতামূলক ওরিয়েন্টেশন</td><td>আইন ও শৃংখলা</td><td>১৭৪,৮১০/-</td></tr>
<tr><td>০৪</td><td>দেশীয় প্রজাতির ছোট মাছ (Small Indigenous Species) সংরক্ষণ, রেণু উৎপাদন কৌশল ও আধুনিক পদ্ধতিতে চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ</td><td>মৎস্য</td><td>১৭২,৭০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>দুর্যোগ/দুর্ঘটনা মোকাবেলায় প্রাথমিক চিকিৎসা সেবা বিষয়ক প্রশিক্ষণ</td><td>মাধ্যমিক শিক্ষা</td><td>১৪৫,৮০০/-</td></tr>
</table>
</td>
<td>১. বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত ০৬ টি সক্ষমতা উন্নয়নমূলক এবং ০৩ টি অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প অনুমোদিত হয়<br>২. প্রস্তাবিত অবকাঠামো উপ প্রকল্পগুলোর দ্রুত প্রাক্কলন ও প্রয়োজনীয় ড্রইং, ডিজাইন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>৩. প্রকল্পগুলো ইউজিডিপি প্রকল্প পরিচালক মহোদয় বরাবর তাঁর পর্যালোচনা, মতামত ও অর্থ ছাড়করণের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রকল্পগুলো উপজেলা পরিষদের পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>• উপজেলা প্রকৌশলী<br>• উপজেলা কৃষি কর্মকর্তা<br>• উপজেলা মৎস্য কর্মকর্তা<br>• উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>• উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>• উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>• উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৬ | ভাসমান বেডে সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ | কৃষি | ১৪২,৫৫০/- |

**অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প**

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রস্তাবকারী বিভাগ | বরাদ্দ/প্রাক্কলিত টাকা |
|---|---|---|---|
| ০১ | বড়ইগাঁও বালিকা উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের জন্য গার্লস ফ্যাসিলিটিজ রুম নির্মাণ। | মাধ্যমিক শিক্ষা | প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে |
| ০২ | ভাতভড়া উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের জন্য গার্লস ফ্যাসিলিটিজ রুম নির্মাণ। | মাধ্যমিক শিক্ষা | |
| ০৩ | বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে আসবাবপত্র (উঁচু নীচু বেঞ্চ) সরবরাহ | প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা | |

উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় উপস্থিত সকলকে ইউজিডিপি প্রকল্প এবং এ প্রকল্পের অধীন অত্র উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রম অগ্রগতি অবহিত করেন।

| | | | |
|---|---|---|---|
| ৭.৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসাম বলেন,২০২১-২২ অর্থ বছরে দরিদ্র মায়েদের জন্য মাতৃত্ব ভাতা কর্মসূচির জুন/২০২১ মাস পর্যন্ত উপকারভোগীদের ভাতা প্রদান করা হয়েছে। ২০২১-২২ চক্রের ভিজিডি সেপ্টেম্বর/২১ মাসের খাদ্য অর্পনাদেশ (ডি.ও) প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল (পৌরসভার জন্য) জুন/২১ মাস পর্যন্ত উপকারভোগীদের ভাতা প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত তিন মাসের আইজিএ প্রশিক্ষণ চলমান রয়েছে। কিশোর কিশোরী ক্লাব আগস্ট/২১ হতে ক্লাস কার্যক্রম চালু রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসামকে বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম |
| ৭.৯ | **উপজেলা বিআরডিবি অফিস :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা লাকসাম বলেন, লাকসাম উপজেলাকে মডেল উপজেলা গঠনের লক্ষ্যে যে মাস্টার প্ল্যান করা হয়েছে সেখানে দেখা যায় বিআরডিবি অফিস ভবন ও প্রশিক্ষণ মিলনায়তন ভাঙ্গা পড়বে। সে প্রেক্ষিতে বিআরডিবি অফিস কোথায় দেওয়া হবে সে বিষয়ে জানতে সভার দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো বলেন স্থানীয় সরকার বিভাগের উদ্যোগে বিআরডিবি'র স্থাপনা/জায়গা ব্যবহার সংক্রান্ত বিষয়ে ২৮/০১/০২১৫ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভার সিদ্ধান্ত মোতাবেক বিআরডিবি'র বরাদ্দকৃত ভূমি উপজেলা পরিষদ ব্যবহার করা প্রয়োজন হলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পূর্ব অনুমোদন গ্রহণের নির্দেশনা রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিআরডিবি অফিসকে বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে স্থানান্তর করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ৭.১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>ক) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকা, ৫৬.৯৯৪৫ মে:টন চাউল ও ৫৬.৯৯৪৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্য হতে পরিপত্রের নিতিমালা অনুযায়ী ২০% সংরক্ষিত রেখে অবশিষ্ট | ক) নির্বাচনের তফসিল ঘোষণা করায় ০৫টি ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি স্থগিত রেখে অবশিষ্ট ০৩টি ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত তালিকা যাচাই বাছাই করে জেলা কমিটির অনুমোদনের জন্য বিধি মোতাবেক | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | টাকা ০৮টি ইউনিয়নের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে ইউনিয়ন ওয়ারী পুন: বরাদ্দ ক্রমে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলের জন্য অনুরোধ করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি এ কার্যালয়ে দাখিল করেন।কিন্তু ০৮টি ইউনিয়নের মধ্যে ০৫টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের তফসিল ঘোষণা করায় উক্ত ০৫টি ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করা সম্ভব হচ্ছেনা। | জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | খ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে লাকসাম ও মনোহরগঞ্জ উপজেলার জন্য ৩৫,৯৩,৭৬১/৪৮টাকা, ৭৯.৯৭২ মে:টন চাউল ও ৭৯.৯৭২ মে:টন গমের বরাদ্দ পাওয়া গিয়াছে । | খ) উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্যের মাধ্যমে পরিপত্রের নীতিমালা অনুযায়ী মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর জেলা কমিটির অনুমোদনের জন্য বিধি মোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকা হতে পরিপত্রের নীতিমালা অনুযায়ী ২০% সংরক্ষিত রেখে অবশিষ্ট টাকা ০৮টি ইউনিয়নের জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে ইউনিয়ন ওয়ারী পুন: বরাদ্দ ক্রমে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলের জন্য অনুরোধ করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি এ কার্যালয়ে দাখিল করেন।কিন্তু ০৮টি ইউনিয়নের মধ্যে ০৫টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের তফসিল ঘোষণা করায় উক্ত ০৫টি ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করা সম্ভব হচ্ছেনা। | গ) নির্বাচনের তফসিল ঘোষণা করায় ০৫টি ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি স্থগিত রেখে অবশিষ্ট ০৩টি ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত তালিকা যাচাই বাছাই করে জেলা কমিটির অনুমোদনের জন্য বিধি মোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঘ) গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় লাকসাম ও মনোহরগঞ্জ উপজেলার জন্য ৪৯,৫৭,৬৬৬/৬৬ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে । | ঘ) উক্ত বরাদ্দকৃত টাকার মাধ্যমে পরিপত্রের নীতিমালা অনুযায়ী মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর জেলা কমিটির অনুমোদনের জন্য বিধিমোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **মুদাফরগঞ্জ দ: ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান মুদাফরগঞ্জ দ: ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের অগ্রগতি সম্পর্কে জানতে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে মুদাফরগঞ্জ দ: ভবন নির্মাণের তথ্য সংগ্রহ পূর্বক জানানো হবে মর্মে মুদাফরগঞ্জ দ: ইউপি চেয়ারম্যানকে জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। চেয়ারম্যান, মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ লাকসাম। |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **প্রধান নির্বাহী কর্মকর্তা, লাকসাম পৌরসভা:** প্রধান নির্বাহী কর্মকর্তা, লাকসাম পৌরসভা বলেন, ডেঙ্গু পরিস্থিতিতে লাকসাম পৌরসভা নিয়মিত মশার ঔষধ স্প্রে করে যাচ্ছে। এছাড়া কোন এলাকায় মশার উপদ্রব বেশি দেখা গেলে আমাদেরকে জানালে তাৎক্ষণিক ভাবে স্প্রে করার ব্যবস্থা করবো। লাকসাম পৌরসভা সুন্দর পরিচ্ছন্ন এবং যানজট মুক্ত রাখতে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম পৌরসভার কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে অব্যাহত রাখার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, লাকসাম পৌরসভাকে অনুরোধ করা হয়। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা লাকসাম পৌরসভা |
| ৯.২ | **উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিনে লাকসাম উপজেলায় ভ্যাকসিন কার্যক্রম লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জন হওয়ায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।<br>তিনি আরো বলেন, মাননীয় এলজিআরডি মন্ত্রী মহোদয়ের নির্বাচনী এলাকায় উন্নয়ন কার্যক্রম আরো স্বচ্ছ ও দক্ষতার সাথে বাস্তবায়ন করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ সমূহে উন্নয়ন কার্যক্রম মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলায় গৃহীত সকল উন্নয়ন কার্যক্রম এবং সেবাগ্রহীতাদের সেবা প্রদানের বিষয়ে সকল জনপ্রতিনিধি এবং দপ্তর প্রধানগণকে আরো স্বচ্ছতা ও দক্ষতার সাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। দপ্তর প্রধান (সকল) লাকসাম<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ সভা, বলেন কোভিড পরিস্থিতিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সফলভাবে তাদের দায়িত্ব পালন করে যাচ্ছে। এজন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া অন্যান্য দপ্তরের স্বাভাবিক সেবা কার্যক্রম আরো দ্রুততার সাথে প্রদানের জন্য দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলার বিভিন্ন দপ্তরের সকল সেবা কার্যক্রম আরো দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য বলা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। দপ্তর প্রধান (সকল) লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২১- ৭০০

তারিখঃ ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, .....................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

৩০/০৯/২১
( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।